

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার
৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, ঢাকা -১০০০।

পসব্য/প্রকা/প্রশা-১৬/ ২০২২-২৩ -২৫৫৭

তারিখঃ ০৩.০১.২০২৩ খ্রি.

উঠান বৈঠক পরিচালনা সংক্রান্ত অফিস আদেশ

সাংগঠনিক কাঠামোর আওতায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা তথা লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য উঠান বৈঠকের গুরুত্ব অপরিসীম, তাই উঠান বৈঠকের মাধ্যমে নিয়মিতভাবে সঞ্চয় ও ঋণের কিস্তি আদায়ের বিষয়টি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সর্বসম্মতভাবে গৃহীত হয়।

আগামী ৩১ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে এ সংক্রান্ত মাঠ সহকারী ভিত্তিক মাসিক উঠান বৈঠকের সূচি (সংযুক্ত ছক-ক মোতাবেক) শাখার প্রজেকশন বোর্ডে লাগিয়ে রাখতে হবে এবং ১(এক) কপি জেলা কার্যালয়ে প্রেরণ পূর্বক সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে নিম্নোক্তভাবে উঠান বৈঠক পরিচালনার জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

০১. পল্লী সঞ্চয় ব্যাংকের নিয়মানুযায়ী যেহেতু মাসিক ভিত্তিতে (বিশেষ ঋণ কর্মসূচি ছাড়া) ঋণ ও সঞ্চয়ের কিস্তি আদায় করতে হয়, তাই প্রতিমাসে প্রতি সমিতিতে ন্যূনতম ১(এক) বার উঠান বৈঠকের আয়োজন করতে হবে।
০২. উপকারভোগী সদস্যদের সাথে আলোচনা করে সমিতির সকল সদস্যের মধ্যবর্তি একটি জায়গায় উঠান বৈঠকের স্থান, এবং মাসের নির্দিষ্ট তারিখ/দিন ও সময় নির্ধারণ করতে হবে।
০৩. মাসের নির্ধারিত দিনে সরকারি বা বিশেষ কোন কারণে ছুটি থাকলে তা উঠান বৈঠকের আগেই সদস্যদের সাথে আলোচনা করে নিকটবর্তি একটি দিন/তারিখ ও সময় নির্ধারণ করে জানিয়ে দিতে হবে।
০৪. নির্ধারিত দিনে যথাসময়ে উপস্থিত হয়ে বৈঠক শুরু করা এবং উঠান বৈঠকেই কিস্তি আদায় সংক্রান্ত সকল কাজ যথানিয়মে সমাপ্ত করতে হবে (পথে-ঘাটে, হাটে-বাজারে লেনদেন না করার জন্য উদ্বুদ্ধ করা)।
০৫. ঋণের আবেদন, পরিমাণ, উদ্দেশ্য, কিস্তির পরিমাণ এবং বিশেষ ক্ষেত্রে পরিশোধের সময়সীমাসহ যাবতীয় বিষয়ে উঠান বৈঠকেই সদস্যদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।
০৬. শাখা ব্যবস্থাপক সুনির্দিষ্ট পরিকল্পনা মোতাবেক উঠান বৈঠক পরিচালনার কাজ ক্রমান্বয়ে শতভাগ নিশ্চিত করবেন।

সকলের আন্তরিক উদ্যোগে নিয়মিত উঠান বৈঠক পরিচালনার মধ্য দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্নপ্রসূত পল্লী সঞ্চয় ব্যাংকের লক্ষ্য- দারিদ্র্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে আমরা এক অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করবো।

অনুমোদনক্রমে



(খান ইকবাল হাসান)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্ত – ছক (ক)

ছক-“ক”

ক্রমিক নং	মাঠসহকারীর নাম	ইউনিয়ন	সমিতির নাম ও কোড নং	উঠান বৈঠক সংক্রান্ত			সমিতির নির্ভরযোগ্য একজন সদস্যের নাম ও মোবাঃ নং
				স্থান	তারিখ	সময়	


স্বাক্ষরঃ
মাঠ সহকারী

স্বাক্ষরঃ
জুনিয়র অফিসার (মাঠ)

স্বাক্ষরঃ
শাখা ব্যবস্থাপক

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪. অডিট প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক।
৫. সকল জেলা কর্মকর্তা ও আঞ্চলিক অডিট কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬. শাখা ব্যবস্থাপক, সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. নথি।


০৬/০৮/২৩
প্রভাস চন্দ্র দাস
পরামর্শক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।